# বিবরণী - ১

## সংযুক্ত তহবিল (রাজস্ব ও মূলধন)

## স্থিতির সংক্ষিপ্ত বিবরণ

## ৩০ শে জুন, ২০১৫

(অংক সমূহ হাজার টাকায়)

| খরচ | বিবরণ | তফসিল নং | জমা |
|---|---|---|---|
| ২৬০৩৪৯,৬৭,৬৬ | **প্রারম্ভিক স্থিতি** | | |
| | **২০১৪-১৫** | | |
| | রাজস্ব ও অনুদান | ০১ | ১৫৩৭৭৭,৫৫,৯৫ |
| | মূলধন প্রাপ্তি (ঋণ ও অগ্রিম ব্যতীত) | ০১ | ৬১,২৭,৪৮ |
| ১৩৮২৯৪,২১,২৯ | রাজস্ব ব্যয় | ০২,০৩ | |
| ৫৫৫৯০,১৪,৫৮ | মূলধন ব্যয় (ঋণ ও অগ্রিম ব্যতীত) | ০৪,০৫ | |
| ৩০০৩৯৫,২০,১০ | **সমাপনী স্থিতি - ৩০ শে জুন, ২০১৫** | | |

সরকারি হিসাবে স্থানান্তরিত স্থিতি

প্রজাতন্ত্রের হিসাব প্রণয়ন পদ্ধতি অনুসারে সংযুক্ত তহবিলের অন্তর্গত রাজস্ব, মূলধন প্রাপ্তি ও ব্যয় এর স্থিতি বিস্তারিতভাবে প্রদর্শন করা হয় না। এ বিবরণীতে বছরান্তের সকল প্রাপ্তি ও ব্যয়ের একটি স্থিতি নির্ণয় করে পরবর্তী বছরে স্থানান্তরিত হয়। ১৬/১২/৭১ তারিখে শূন্য স্থিতি ধরে হিসাব শুরু করা হয়েছে।

# বিবরণী - ২

## ঋণ ও অগ্রিম

### ঋণ ও অগ্রিমের স্থিতির সংক্ষিপ্ত বিবরণ

৩০ শে জুন, ২০১৫

(অংক সমূহ হাজার টাকায়)

| খরচ | বিবরণ | তফসিল নং | জমা |
|---|---|---|---|
| ৩০০৩৯৫,২০,১১ | **প্রারম্ভিক স্থিতি (বিবরণী ১ হইতে প্রাপ্ত)** | | |
| | ২০১৪-১৫ | | |
| | **প্রদত্ত ঋণ** | | |
| ১৪২৫৭৭,৩৬,৯৯ | বিবিধ ঋণ ও স্থানীয় প্রতিষ্ঠানসমূহকে দেয় ঋণ | ০৮ | |
| ৫৭৬,১৬,৭২ | সরকারি কর্মচারীদের জন্য ঋণ | ০৮ | |
| | **গৃহীত ঋণ** | | |
| | স্থায়ী ঋণ | ০৯ | ১২৭৫৬৬,৩৯,৩৩ |
| | চলতি ঋণ | ০৯ | ৪১৫৭৮,১৭,৬৯ |
| | বৈদেশিক ঋণ | ০৯ | ৯৭৪১০,০৬,২৯ |
| ১৮৮,৬০,২০ | আই এম এফ এর সহিত আদান প্রদান | ০৯ | |
| ১৭৭১৮২,৭০,৭১ | **সমাপনী স্থিতি - ৩০ শে জুন, ২০১৫** | | |

ঋণ ও অগ্রীমের স্থিতি

**সরকার স্বায়ত্বশাসিত সংস্থা ও সরকারি কর্মচারীগণকে ঋণ প্রদান করে থাকে। অপরদিকে অভ্যন্তরীণও বিদেশ হতে ঋণ সংগ্রহ করা হয়।স্থায়ী ঋণ (যথাঃ ওয়েজ আর্নার বন্ড ও মেয়াদি বন্ড) ও চলতি ঋণ (যথাঃ ট্রেজারি বিল ও উপায় উপকরণ অগ্রিম) অভ্যন্তরীণ ঋণের অন্তর্গত। সরকার বিভিন্ন দাতা সংস্থা এবং দেশ হতে ঋণ সংগ্রহ করে। এসকল ঋণ প্রাপ্তি ও পরিশোধের স্থিতি বছরান্তে নির্ণয় করা হয়। বৈদেশিক ঋণ অবমুক্তির সময়কালে বিনিময় হার অনুসারে ৩০ শে জুন, ২০১৫ তারিখে স্থিতি দাড়ায় ৯৭৪,১০০,৬২৯ হাজার টাকা, কিন্তু ঐ তারিখে বিনিময় হার অনুসারে এর পরিমান দাড়ায় হাজার টাকা।**

# বিবরণী - ৩

## সরকারী হিসাব

### সরকারী হিসাবের স্থিতির সংক্ষিপ্ত বিবরণ

৩০ শে জুন, ২০১৫

(অংক সমূহ হাজার টাকায়)

| খরচ | বিবরণ | তফসিল নং | জমা |
|---|---|---|---|
| ১৭৭১৮২,৭০,৭১ | **প্রারম্ভিক স্থিতি (বিবরণী ২ হইতে প্রাপ্ত)** | | |
| | ২০১৪-১৫ | | |
| | তহবিল বহির্ভূত ঋণ | ২৪ | ১৩২৮৩৮,৮৮,৪৫ |
| | সুদযুক্ত জমা | ২৪ | ৫৪,৮৯,৮৫ |
| | সুদমুক্ত জমা | ২৪ | ২৫৮৮৯,৩১,৫৩ |
| ৫১১০,৩৯,৫১ | চলতি সম্পদ | ২৪ | |
| | চলতি দায় | ২৪ | ১০৭৮৩,৩০,৭৬ |
| ২২০১,৯৩,১২ | অনিশ্চিত হিসাব | ২৪ | |
| ৭০২,০৪,৬৫ | ক্যাশ কন্ট্রোল হিসাব | ২৪ | |
| | রেমিটেন্স একাউন্ট | ২৪ | ১৫৯৬৬,৬০,১৬ |
| | **সমাপনী স্থিতি - ৩০ শে জুন, ২০১৫** | | ৩৩৫,৯২,৭৭ |

যে সমস্ত হিসাব স্থিতিতে স্থানান্তরিত হয়  (Accounts Close to Balances)

এ হিসাবের অন্তর্গত নিম্নখাতসমূহের স্থিতি নির্ধারণ করে বছরান্তে স্থানান্তর করা হয়।

১. তহবিল বহির্ভূত ঋণ- সরকারের সুদযুক্ত দায় দেনা, যেমন, জাতীয় সঞ্চয় পত্র ও রাষ্ট্রীয় ভবিষ্য তহবিল ইত্যাদি।

২. সুদ-যুক্ত জমা- এ তহবিল বিশেষ উদ্দেশ্যে রাজস্ব হতে যোগান অর্থ দ্বারা গঠিত। এ তহবিলের স্থিতির উপর সরকার সুদ প্রদান করে থাকে, যথা রিনিউয়াল রিজার্ভ ফান্ড- টি এন্ড টি, রেলওয়ে অবচয়ের সংরক্ষিত তহবিল ইত্যাদি।

৩. সুদ মুক্ত জমা- যা কর্তৃপক্ষের নির্দেশে সরকারি খাতে জমা দেয়ার শর্তাদি পুরণ সাপেক্ষে সমন্বয়/ফেরত প্রদান করা হয়।

৪. চলতি সম্পদ- সরকারি কর্মচারী ও অন্যান্য সংস্থাকে দেয়া আদায়যোগ্য অগ্রিম এর অন্তর্গত।

৫. চলতি দেনা- অপরিশোধিত পূর্ব নিরীক্ষিত চেক এবং এক টাকা ও দুই টাকার নোট মুদ্রা এর অন্তর্গত।

৬. অনিশ্চিত হিসাব- যে সকল আদান প্রদান কোন কারণ বশতঃ সংশ্লিষ্ট হিসাবের চূড়ান্ত খাতে সমন্বয় করা সম্ভব হয় না সেই সমস্ত লেনদেন সাময়িকভাবে এ খাতে হিসাবভুক্ত করা হয়।

৭. ক্যাশ কন্ট্রোল একাউন্ট- ব্যাংকের ক্যাশ বহির্ভূত বিভাগীয় কর্মকর্তাদের নিকট নগদ স্থিতির হিসাব।

৮. রেমিটেন্স একাউন্ট- ব্যাংক ও বিভাগীয় কর্মকর্তা এবং বিভাগীয় কর্মকর্তাদের মধ্যে নগদ আদান প্রদান এর অন্তর্গত।

২৩/১২/১৪২৪ (বঙ্গাব্দ)
০৬/৪/২০১৮ (খ্রীষ্টাব্দ)

০৬/৪/১৮

আবুল ফয়েজ মো: আবিদ
হিসাব মহানিয়ন্ত্রক